

রেজিস্টার্ড নং ডি এ-১



বাংলাদেশ

গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, জুন ২১, ২০০৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ

প্রশাসন শাখা-৪

প্রজ্ঞাপন

তারিখ, ১৯শে জুন ২০০৪/০৫ই আষাঢ় ১৪১১

এস, আর, ও নং ১৯৭-আইন/২০০৪।—সমবায় সমিতি আইন, ২০০১ (২০০১ সনের ৪৭ নং আইন) এর ধারা ৪ এ প্রদত্ত ক্ষমতাবলে, সরকার, জনস্বার্থে, টাংগাইল জেলার মির্জাপুর উপজেলা কেন্দ্রীয় সমবায় সমিতি লিঃ (ইউসিসিএ) কে উহার ব্যবস্থাপনা কমিটির মেয়াদ সম্পর্কিত বিষয়ে, উক্ত আইনের ধারা ১৮ এর উপধারা (৫), উপধারা (৬) এবং উপধারা (৭) এর প্রয়োগ হইতে নিম্নবর্ণিত শর্তে অব্যাহতি প্রদান করিল, যথা ঃ—

“(ক) যুগ্ম-নিবন্ধক, বিভাগীয় সমবায় কার্যালয় ঢাকা এর বিগত ১৭-০২-২০০৪ ইংরেজী তারিখের স্মারক নং-৬১৮ দ্বারা গঠিত উক্ত সমিতির অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটি, উক্ত কমিটির মেয়াদ উত্তীর্ণ হইবার তারিখ হইতে পরবর্তী ১৮০ (একশত আশি) দিন পর্যন্ত (উভয়দিন অন্তর্ভুক্ত), উক্ত সমিতির ব্যবস্থাপনা কমিটির দায়িত্ব পালন করিবে; এবং

(খ) উক্ত অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটি উক্ত সময়সীমার মধ্যে উক্ত সমিতির ব্যবস্থাপনা কমিটির নির্বাচন সম্পন্ন করিবে এবং নির্বাচিত কমিটির নিকট দায়িত্ব হস্তান্তর করিবে।”

২। ইহা ১৭ মে, ২০০৪ ইংরেজী তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

খোরশেদ আলম

উপ-সচিব (প্রশাসন)।

শেখ মোঃ মোবারক হোসেন (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।

(৩৭৪১)

মূল্য : টাকা ১-০০